**মহাপরিচালকের কার্যালয়**
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.ecr ad.or g.bd
ই-মেইলঃ info@ecrad.org.bd

নং-৮২.১৬.০০০০.১০১.১০.২৪.২০-২০২ তারিখঃ ৩০/০৪/২০২৫ খ্রি.

বিষয়ঃ **একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১২০ তম বৈঠকের সিদ্ধান্ত অনুসরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (১) শিক্ষা অডিট অধিদপ্তরের পত্র নং-৮২.০০.০০০০.১০১.১০.২৪-১৫৯; তারিখঃ২৫-০৩-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১২০ তম বৈঠকের কমিটি কর্তৃক দৃঢ়ীকৃত কমিটির সংশোধিত সিদ্ধান্ত এর অনুচ্ছেদ নং ৫.১(৫) এ সাধারণ সিদ্ধান্ত রয়েছে যে, "সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সেলফ একাউন্টিং এনটিটি (গণপূর্ত অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন অধিদপ্তর, ডাক অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ে) এবং আইন দ্বারা প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানসমূহের যাদের নিজস্ব তহবিল ও আয় ব্যয়ের হিসাব ব্যবস্থাপনা রয়েছে সে সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ (প্রেষণে নিযুক্ত কর্মকর্তাসহ) কর্তৃক দায়িত্ব পালনকালে সংশ্লিষ্ট অফিসে অডিট আপত্তি থাকা সত্ত্বেও আনুতোষিক ও পেনশন পরিশোধ করা হচ্ছে। এক্ষেত্রে ফরেন মিশনে কর্মরত কর্মকর্তাগণের ন্যায় আনুতোষিক ও পেনশন মঞ্জুরীর পূর্বেই সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নামে অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে অনাপত্তি পত্র (NOC) গ্রহণ করার বিষয়ে অনুশাসন প্রদান করা হলো। এ সিদ্ধান্তের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিএজি কার্যালয়কে অনুরোধ করা হলো।"

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সূত্রে উল্লেখিত স্মারক মোতাবেক সংশ্লিষ্ট অফিস প্রধান বরাবর পত্র প্রেরণ করা হলেও কোন প্রতিষ্ঠানই উক্ত অনুশাসন অনুসরণ করছেন না। ভবিষ্যতে এ ধরণের ব্যত্যয় পরিলক্ষিত হলে উক্ত বিষয়টি জাতীয় সংসদে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, একাদশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১২০ তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আইন দ্বারা প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানসমূহ যাদের নিজস্ব তহবিল ও আয় ব্যয়ের হিসাব ব্যবস্থাপনা রয়েছে সে সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ (প্রেষণে নিযুক্ত কর্মকর্তাসহ) কর্তৃক দায়িত্ব পালনকালে আনুতোষিক ও পেনশন মঞ্জুরীর পূর্বেই সংশিষ্ট কর্মকর্তাগণের নামে অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে অনাপত্তি পত্র (NOC) গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

স্বাক্ষরিত
**(মোছাঃ বিউটি খাতুন)**
উপপরিচালক
ফোনঃ ০২৮৩৯২৫৮৪
ই-মেইলঃ dir.edu@cag.org.bd

সংযুক্তঃ সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ১২০ তম সভার কার্যবিবরণী।

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৮২.১৬.০০০০.১০১.১০.২৪.২০-২০২ তারিখঃ ৩০/০৪/২০২৫ খ্রি.

সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, রমনা, ঢাকা-১০০০।
২. উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।